**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ত্রিপুরাকে পূর্ণ সাক্ষর রাজ্য হিসেবে ঘোষণা করেছেন।**

**(২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ কৃষকদের আয় বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেছেন |**

**(৩) বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন যে গত এগারো বছর, প্রযুক্তিকে ভারতের প্রবৃদ্ধির ইঞ্জিনে পরিণত করেছে।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।**

***************************************

**Literate Tripura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ত্রিপুরাকে পূর্ণ সাক্ষর রাজ্য হিসেবে ঘোষণা করেছেন। উল্লাস-নব ভারত সাক্ষরতা কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে ত্রিপুরা আজ পূর্ণ সাক্ষর রাজ্যের মর্যাদা লাভ করে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তরের রাজ্য সাক্ষরতা মিশন কর্তৃপক্ষ আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই ঘোষণা দেন। মুখ্যমন্ত্রী বলেন, মিজোরাম এবং গোয়ার পর ত্রিপুরা আজ দেশের তৃতীয় রাজ্য হিসেবে পূর্ণ সাক্ষরতার মর্যাদায় ভূষিত হয়েছে। তার আগে কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে লাদাখ এই সাফল্য অর্জন করেছে।

#######Byte-CM######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের, প্রাপ্তবয়স্ক শিক্ষা, বিভাগের অধিকর্তা প্রীতি মিনা।

অনুষ্ঠানে উল্লাস নব-সাক্ষর কর্মসূচির উপর একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। মুখ্যমন্ত্রী সহ অতিথিরা 'উল্লাস' নামক পুস্তিকার আবরণ উন্মোচন করেন। নব-সাক্ষররা নাটক ও নৃত্য পরিবেশন করেন।

****************************

**MSP :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ কৃষকদের আয় বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। আজ অরুন্ধুতিনগরস্থিত কৃষি গবেষণা কেন্দ্রে খারিফ মরশুমে চাষাবাদ নিয়ে একটি বৈঠকে পৌরহিত্য করে তিনি একথা বলেন। তিনি বলেন কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি কেবল উন্নত ফসলের ফলন নয়, বরং কৃষকদের আয় বৃদ্ধির জন্যও গুরুত্বপূর্ণ। তিনি বলেন কৃষকদের অত্যাধুনিক পদ্ধতি, নতুন বীজ এবং জলবায়ু-সহনশীল কৌশলগুলির সাথে পরিচয় করিয়ে দেওয়ার জন্য ধারাবাহিক শিক্ষা শিবিরের আয়োজন করা হচ্ছে। বৈঠকে জিলা সভাধিপতিগণ ও কৃষি অধিকারিকরা উপস্থিত ছিলেন।

****************************

**Shyamaprashad Mukherjee :**

প্রখ্যাত শিক্ষাবিদ ও চিন্তাবিদ, ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর প্রয়াণ দিবসে আজ দেশ তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে সামাজিক মাধ্যমে বলেছেন যে ডঃ মুখার্জী দেশের অখণ্ডতা অক্ষুণ্ণ রাখার জন্য অতুলনীয় সাহস এবং প্রচেষ্টা প্রদর্শন করেছিলেন। তিনি বলেন, জাতি গঠনে তাঁর অমূল্য অবদান সর্বদা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হবে।

বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা আজ নতুনদিল্লিতে দলের সদর দপ্তরে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। সংবাদমাধ্যমকে শ্রী নাড্ডা বলেন যে, দেশজুড়ে বিজেপি কর্মীরা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির ৭২তম মৃত্যুবার্ষিকী পালনের জন্য কর্মসূচির আয়োজন করেছে। ডঃ মুখার্জির অবদানের উল্লেখ করে তিনি বলেন যে, ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী একজন স্বাধীনতা সংগ্রামী ও সমাজ সংস্কারক

ছিলেন যিনি জম্মু ও কাশ্মীরকে প্রদত্ত বিশেষ মর্যাদার বিরোধিতা করেছিলেন।

*****************************

**BJP-Shyamaprasad Mukherjee :**

প্রখ্যাত শিক্ষাবিদ ও চিন্তাবিদ, ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী প্রয়াণ দিবসে আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য ও অন্যান্য নেতৃবৃন্দ। তারা শ্যামাপ্রসাদ মুখার্জীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।

*************************

**Package story-fully literate Tripura :**

সারা দেশে ২০২৭ এর মধ্যে  ১৫ বা তার বেশি বয়সী সবার  সাক্ষরতা নিশ্চিত করতে understand lifelong learning for all in society বা উল্লাস কর্মসূচি। ভারতের দূরদর্শী জাতীয় শিক্ষানীতি-২০২০ এর এই পার্শ্ব কর্মসূচির আওতায় আজ পূর্ণ সাক্ষর ঘোষিত হলো ত্রিপুরা। একটি প্রতিবেদন।

#########VC#########

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**11 Years of NDA :**

বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন যে গত এগারো বছর, প্রযুক্তিকে ভারতের প্রবৃদ্ধির ইঞ্জিনে পরিণত করেছে। নতুনদিল্লিতে এগারো বছরে বৈজ্ঞানিক সাফল্যের উপর এক সাংবাদিক সম্মেলনে ডঃ সিং বলেন, ২০১৪ সালে মাত্র ৫০টি বায়োটেক স্টার্টআপ ছিল, বর্তমানে তা দশ হাজারেরও বেশি হয়েছে। বৈচিত্র্যের মধ্যে ঐক্যে ভারতের শক্তির উপর জোর দিয়ে তিনি জীববৈচিত্র্যকে সুস্থায়ী উন্নয়নের জন্য বিশেষ সম্পদ হিসেবে অভিহিত করেন। ডঃ সিং একটি নতুন ভারত গঠনে বিজ্ঞান, উদ্ভাবন এবং প্রশাসনিক সংস্কারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা বলেন।

######Byte-Dr. Jitendra Singh########

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে বিশ্ব জলবায়ু পরিবর্তনের সংকটের মুখোমুখি হচ্ছে এবং স্থায়িত্ব এখন আর স্লোগান নয় বরং একটি প্রয়োজনীয় বিষয় হয়ে দাঁড়িয়েছে। নতুনদিল্লিতে ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়ার জাতীয় ছাত্র সমাবর্তন - ২০২৫-এ ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, শিক্ষার্থীরা তাদের দক্ষতার মাধ্যমে গ্রহের ভবিষ্যতে এক বিরাট পরিবর্তন আনতে পারে। তিনি বলেন, ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া ভারতীয় অর্থনীতিকে আজ বিশ্বের অন্যতম

শক্তিশালী অর্থনীতিতে পরিণত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

***********************

**Crude Oil price hiked :**

অপরিশোধিত তেলের দাম প্রায় এক শতাংশ বেড়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী ব্রেন্ট ক্রুডের দাম ০.৯ শতাংশের বেশি বেড়ে প্রতি ব্যারেল ৭৭ ডলার ৭৫ সেন্টে দাঁড়িয়েছে, অন্যদিকে ডব্লিউ.টি.আই ক্রুডের দাম ০.৯ শতাংশের বেশি বেড়ে প্রতি ব্যারেল ৭৪ ডলার ৫৫ সেন্টে দাঁড়িয়েছে।

ইরানের পারমাণবিক কেন্দ্রগুলিতে মার্কিন হামলার পর দামের এই বৃদ্ধি ঘটেছে। ইরান হরমুজ প্রণালী বন্ধ করার হুমকি দিচ্ছে, যেখান দিয়ে বিশ্বব্যাপী প্রায় ২০ শতাংশ অপরিশোধিত তেল সরবরাহ করা হয়। ফলে ব্যাপক উদ্বেগের সৃষ্টি হয়েছে।

***************************

**Sushanta Chowdhury :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ সচিবালয়ে রাজ্য সড়ক নিরাপত্তা পরিষদের ১৬ তম বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন স্বাস্থ্য, পরিবহন, অর্থ দপ্তরের সচিবগণ, পুলিশের মহা নির্দেশক পরিবহন কমিশনার প্রমুখ। বৈঠকে রাজ্যে যান দুর্ঘটনা রোধে এবং রাস্তাঘাট যানজট মুক্ত রাখার বিষয়ে আলোচনা হয়।

****************************

**State Level Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। এলিট গ্রুপের খেলায় নরসিংগড়ের পিটিএ মাঠে সদর ২ উইকেটে মোহনপুরকে এবং মেলাঘরের মাঠে বিশালগড় মাঝপথে না খেলায় উদয়পুর জয়লাভ করে। এদিকে প্লেট গ্রুপের চারটি খেলায় উদয়পুরের মাঠে সাব্রুম ৭২ রানে বিলোনীয়াকে, বিলোনীয়ায় মাঠে জিরানীয়া ১ উইকেটে খোয়াইকে, অমরপুরের মাঠে ধর্মনগর ৮ উইকেটে গন্ডাছড়াকে এবং ধর্মনগরের মাঠে আমবাসা ৬ উইকেটে লংতরাইভ্যালীকে পরাজিত করে।

*****************************************

**Olympic Rally :**

আন্তর্জাতিক অলিম্পিক দিবস উপলক্ষ্যে ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের উদ্যোগে আজ সকালে এক রেলি আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ত্রিপুরা অলিম্পিক সংস্থার সভানেত্রী পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার, বিভিন্ন ক্রীড়া সংগঠনের খেলোয়াড়, সংগঠক ও প্রশিক্ষকগণ এই রেলিতে অংশ নেন।

************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ঐকতান যুব সংস্থা জয়লাভ

করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ঐকতান যুব সংস্থা ২–০ গোলে নবোদয় সংঘকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি, ধলাই এবং খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.১ ডিগ্রি সেলসিয়াস।

***************************